

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
চারঘাট, রাজশাহী।  
www.fisheries.charghat.rajshahi.gov.bd

পত্র নং-৩৩.০২.৮১২৫.৫০১.২৪.০০২.১৯-

১৯ মাঘ, ১৪২৬বঙ্গাব্দ  
তারিখ: .....  
০২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.


**বিজ্ঞপ্তি**

স্বাস্থ্যসম্মত ও গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য সরবরাহের উদ্দেশ্যে মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন- ২০১০ মোতাবেক সকল মৎস্য খাদ্য। উৎপাদনকারী/খাদ্য উপকরণ আমদানী ও রপ্তানীকারক/পাইকারী ও খুচরা খাদ্য বিক্রেতাদের লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। সে মতে ২০২০ খ্রিঃ সালের লাইসেন্স গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে আগামী ১৫/০২/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে আবেদন দাখিল করতে অনুরোধ করা যাচ্ছে। লাইসেন্স গ্রহণ ব্যতীত ব্যবসা পরিচালনা করা মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন ২০১০ এর পরিপন্থী। উল্লেখ্য যে, লাইসেন্স গ্রহণে ব্যর্থ প্রতিষ্ঠান/ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

পাইকারী ও খুচরা মৎস্য খাদ্য বিক্রেতাদের আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে।

- ১। পাইকারী বিক্রেতাদের জন্য লাইসেন্স ফি বাবদ ১০০০/- (এক হাজার টাকা) মাত্র এবং খুচরা বিক্রেতাদের জন্য লাইসেন্স ফি বাবদ ৫০০/- (পাঁচ শত টাকা) মাত্র সরকারী কোষাগারে জমাদানের চালানের মূলকপি।
- ২। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি।
- ৩। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

বিষয়টি অতীব জরুরি।


  
(মো: আরিফুল ইসলাম)  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
চারঘাট, রাজশাহী।  
ফোন: ০৭২২৩-৫৬১১৮  
ইমেইল: sufocharghat@fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.৮১২৫.৫০১.২৪.০০২.১৯-০৬

১৯ মাঘ, ১৪২৬বঙ্গাব্দ  
তারিখ: .....  
০২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী।
- ৪। অফিসার ইনচার্জ, চারঘাট মডেল থানা, চারঘাট, রাজশাহী।
- ৫। মের্সাস-----
- ৬। সংশ্লিষ্ট নথি।

  
(মো: আরিফুল ইসলাম)  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
চারঘাট, রাজশাহী।  
ফোন: ০৭২২৩-৫৬১১৮